

৪৬। ক্ষমতাপ্রাপ্ত^১প্রতিনিধি ও মুসক পরামর্শকের মাধ্যমে উপস্থিতি ইত্যাদি।—^২[(১) এই আইন বা বিধির অধীন কোন কার্যধারা উপলক্ষ্যে কোন মূল্য সংযোজন কর কর্মকর্তা, আপীলাত কর্তৃপক্ষ, বোর্ড বা সরকারের নিকট উপস্থিত হইবার অধিকারী বা উপস্থিতির জন্য তলবকৃত কোন ব্যক্তি Customs Act এর^৩ [Section 196K] তে বর্ণিত কোন ব্যক্তির মাধ্যমে উপস্থিত হইতে পারিবেন এবং উক্ত Section এর বিধানাবলী তাহার উপর এইরূপে প্রযোজ্য হইবে যেন উহা এই ধারার অধীন উপস্থিতির জন্য এই আইনের অধীন প্রণীত হইয়াছে।

(২) এই আইন বা বিধির অধীন যে কোন কার্যধারা উপলক্ষ্যে, বা যে কোন নিবন্ধিত বা নিবন্ধনযোগ্য ব্যক্তির পক্ষে মূল্য সংযোজন কর সংক্রান্ত যে কোন কাজ সম্পাদনের জন্য অথবা উক্ত ব্যক্তির পক্ষে উপ-ধারা (১) অনুসারে উক্ত উপ-ধারায় উল্লিখিত কর্মকর্তা, কর্তৃপক্ষ, বোর্ড বা সরকারের নিকট উপস্থিত হওয়ার জন্য বা উক্ত ব্যক্তিকে এই আইন বা বিধি হইতে উদ্ধৃত হইয়াছে বা হইতে পারে এমন যে কোন বিষয়ে পরামর্শ প্রদানের জন্য বোর্ড, বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে ও শর্তাধীনে, যে কোন ব্যক্তিকে মূল্য সংযোজন কর পরামর্শক হিসাবে লাইসেন্স প্রদান করিতে পারিবে।]

^১। অর্থ আইন, ১৯৯৮ (১৯৯৮ সনের ১৪ নং আইন) এর ধারা ... (১০)(ক) বলে "প্রতিনিধির মাধ্যমে উপস্থিতি" শব্দগুলির পরিবর্তে প্রতিস্থাপিত।

^২। অর্থ আইন, ১৯৯৮ (১৯৯৮ সনের ১৪ নং আইন) এর ধারা ... (১০)(খ) বলে উপ-ধারা (১) হিসাবে সংখ্যায়িত এবং নূতন উপ-ধারা (২) সংযোজিত।

^৩। অর্থ আইন, ১৯৯৫ (১৯৯৫ সনের ১২ আইন) এর ধারা ৮(১১) বলে ধারা ৪৬ এ "section 196A" শব্দটি, সংখ্যাটি ও অক্ষরটির পরিবর্তে প্রতিস্থাপিত।